



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-০০৩


তারিখঃ ২৪/৭/২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের সুফলভোগীদের কাছ থেকে আদায়কৃত সঞ্চয় ও ঋণের কিস্তি মাঠ সংগঠক কর্তৃক প্রকল্পের জমা রশিদ এর মাধ্যমে হিসাব সহকারীর নিকট জমা প্রদান এবং হিসাব সহকারী কর্তৃক ব্যাংক জমা রশিদ এর মাধ্যমে ব্যাংক এ জমা প্রদান পূর্বক ব্যাংক জমা রশিদের একটি অংশ সংশ্লিষ্ট মাঠ সংগঠক-কে এবং অবশিষ্ট একটি অংশ বিল ভাউচারের সাথে সংরক্ষণের নির্দেশনা রয়েছে। কিন্তু লক্ষ করা যাচ্ছে যে কিছু সংখ্যক উপজেলায় তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না, এতে করে আর্থিক শৃঙ্খলা নষ্ট হচ্ছে। তাই হিসাব সহকারী কর্তৃক মাঠ সংগঠক হতে জমাকৃত সঞ্চয় এবং ঋণের কিস্তির অর্থ ব্যাংকে জমা প্রদানের ক্ষেত্রে প্রতি মাঠ সংগঠকের জন্য পৃথক পৃথক ব্যাংক জমা ভাউচারে তার বিপরীতে গ্রহণকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদানপূর্বক জমা রশিদের একটি অংশ বাধ্যতামূলকভাবে সংশ্লিষ্ট মাঠ সংগঠক-কে সরবরাহ করতে হবে। সংশ্লিষ্ট মাঠ সংগঠকগণ উক্ত ব্যাংক জমা রশিদটি এবং হিসাব সহকারী কর্তৃক স্বাক্ষরকৃত প্রকল্পের জমা রশিদটি যথাযথভাবে সংরক্ষণ করবেন। হিসাব সহকারী কর্তৃক ব্যাংক জমা রশিদটি মাঠ সংগঠক-কে প্রদান না করিলে সংশ্লিষ্ট মাঠ সংগঠক লিখিতভাবে তা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অবহিত করতে হবে। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এ সংক্রান্ত বিষয়ে হিসাব সহকারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিবেন।

২। হিসাব সহকারী কর্তৃক মাঠ সংগঠক হতে সঞ্চয় ও ঋণের অর্থ নিয়মিতভাবে সংশ্লিষ্ট ব্যাংক হিসেবে জমা নিশ্চিত করনের বিষয়টি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা যৌথভাবে তদারকি করবেন। তাছাড়া ব্যাংক জমা ভাউচার ও প্রকল্পের জমা ভাউচার যাচাইপূর্বক এ সংক্রান্ত রেজিস্টারে নিয়মিতভাবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা স্বাক্ষর প্রদান করবেন।

৩। দৈনিক জমা রশিদ বর্হি ও দৈনিক জমা রেজিস্টার ব্যবহার সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত পরিপত্রের (পরিপত্র নং- ৫০২৮, তারিখঃ ২৭/১২/২০১৬ খ্রিঃ) নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :-
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৫. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৬. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।